

পপুলেশন সায়েন্সেস বিভাগের ১৫ এপ্রিল ২০২৩ তারিখে অনুষ্ঠিত অ্যালামনাইদের সভার কার্যবিবরণী

পপুলেশন সায়েন্সেস বিভাগে ১৫ এপ্রিল ২০২৩ তারিখে বিকাল ৪.৩০ টায় অ্যালামনাইদের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিভাগের প্রাক্তন শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন। অনলাইন প্ল্যাটফর্ম জুম ব্যবহার করেও অনেক প্রাক্তন শিক্ষার্থী সভায় যোগদান করেন। বিভাগের প্রতিষ্ঠাতা অধ্যাপক ড. এ কে এম নূর-উন নবী এবং অন্যান্য শিক্ষকদের উপস্থিতিতে বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ রবিউল হক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ১৫ এপ্রিল ২০২৩ তারিখের সভা শুরু করেন। বিগত ২২ ফেব্রুয়ারী ২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে আলোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সুপারিশ করা হয় –

সুপারিশকৃত সিদ্ধান্তসমূহঃ

১। বিভাগীয় অ্যালামনাই এ্যাসোসিয়েশনকে সক্রিয়করণ পূর্বক বিভাগীয় বিভিন্ন কর্মকান্ডের সাথে সম্পৃক্ত করা।

২। বিভাগীয় অ্যালামনাই এ্যাসোসিয়েশনকে সক্রিয়করণের লক্ষ্যে অ্যালামনাইদের ডেটাবেজ হাল-নাগাদ করা।

এ’ক্ষেত্রে প্রতিটি প্রাক্তন ব্যাচ হতে একজন করে প্রতিনিধিকে সম্পৃক্ত করে তার মাধ্যমে ব্যাচের বাকি অ্যালামনাইদের তথ্য হাল-নাগাদ করার জন্য সুপারিশ করা হয়। বিভাগীয় প্রশাসনিক সহায়তায় আগামী ৭ মে ২০২৩ তারিখের মধ্যে বিভাগের অ্যালামনাইদের প্রাথমিক ডেটাবেজ সম্পন্ন করার জন্য নিম্নোক্তদের সমন্বয়ের দায়িত্ব প্রদান করা হয় –

১. মোঃ মাহির ফয়সাল
২. মোঃ জাকিউল আলম
৩. একেএম মিজানুর রহমান
৪. মোঃ সাইফুল ইসলাম
৫. মাহবুবা ইসলাম
৬. মোঃ আলম নুরী
৭. শেখ আলী হায়দার আজম
৮. মোঃ আশফাক ইফতেখার খান

৩। ২০১০ সালে প্রস্তুতকৃত এবং প্রাথমিকভাবে অনুমোদিত অ্যালামনাই গঠনতন্ত্র পর্যালোচনাপূর্বক হাল-নাগাদ করা।

অ্যালামনাই গঠনতন্ত্র পর্যালোচনা করার জন্য নিম্নোক্ত ব্যক্তিগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি, বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের মতামতের ভিত্তিতে বিদ্যমান অ্যালামনাই গঠনতন্ত্র পর্যালোচনা করে তা হাল-নাগাদ পূর্বক ৭ মে ২০২৩ তারিখের মধ্যে পপুলেশন সায়েন্সেস বিভাগের ওয়েবসাইটে (<https://www.dpsdu.edu.bd/index.php/en/alumni>) প্রকাশ করবে। অধিকতর পরিমার্জন এবং পরিবর্ধন শেষে হাল-নাগাদকৃত অ্যালামনাই গঠনতন্ত্র, অ্যালামনাই এ্যাসোসিয়েশনের পরবর্তী সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করবে। পর্যালোচনা কমিটির সদস্যগণ –

১. অধ্যাপক ড. মোঃ রবিউল হক – বিভাগীয় চেয়ারম্যান
২. অধ্যাপক ড. এ কে এম নূর-উন নবী
৩. অধ্যাপক ড. মোহাম্মদ মঈনুল ইসলাম
৪. ইফফাত আরা ইভা

৫. সাফায়েত সুলতান
৬. মোঃ সাইফুল ইসলাম
৭. মোঃ মাহবুবুল আলম
৮. মোঃ আশফাক ইফতেখার খান – সমন্বয়ক

৪। আগামী ১২ মে ২০২৩ তারিখে, বিকেল ৩.৩০টায় পপুলেশন সায়েন্সেস বিভাগে, বিভাগের শিক্ষকদের উপস্থিতিতে প্রাক্তন শিক্ষার্থীদের পরবর্তী সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থিত প্রাক্তন শিক্ষার্থীদের মতামতের ভিত্তিতে হাল-নাগাদকৃত অ্যালামনাই গঠনতন্ত্র সাময়িক অনুমোদন ও নতুন এডহক কমিটি গঠন করা হবে।

এখানে উল্লেখ থাকে যে, ২০১০ সালে নির্বাচিত কার্যনির্বাহী কমিটির দুই বছর মেয়াদ ইতিমধ্যেই অতিক্রান্ত হওয়ায় বর্তমান অ্যালামনাই গঠনতন্ত্র মোতাবেক সভাপতি মহোদয় সাত সদস্য বিশিষ্ট একটি এডহক কমিটি গঠন করতে পারবেন। দায়িত্ব গ্রহণের তিন মাসের মধ্যে এই এডহক কমিটি, নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে নতুন কার্যনির্বাহী কমিটি গঠনের জন্য দায়বদ্ধ থাকবে।

৫। বর্তমান অ্যালামনাই গঠনতন্ত্র, কার্যনির্বাহী কমিটি, সাম্প্রতিক সভাসমূহের কার্যবিবরণী এবং অ্যালামনাই সদস্যভুক্তির আবেদন ফরম, পপুলেশন সায়েন্সেস বিভাগের ওয়েবসাইটে (<https://www.dpsdu.edu.bd/index.php/en/alumni>) অতিদ্রুত আপলোড করা হবে। একই সাথে পপুলেশন সায়েন্সেস বিভাগে সংরক্ষিত অ্যালামনাইদের ই-মেইল ঠিকানায় অ্যালামনাই এ্যাসোসিয়েশন সংশ্লিষ্ট তথ্যাবলী প্রেরণের উদ্দেশ্যে নেয়া হবে। সম্মানিত বিভাগীয় চেয়ারম্যান এ'লক্ষ্যে প্রয়োজনীয় বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ রবিউল হক উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।